



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, সিলেট-৩১০০

স্মারক নং : সিশিবো/হিসাব/ ৭৩

তারিখ : ৩০শে আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ  
১৪ই জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

## বৃত্তি/ মেধাবৃত্তি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত বৃত্তি/মেধাবৃত্তি খাতে ২০১৮-২০১৯ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হবে। কাজেই বর্তমানে অধ্যয়নরত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তির টাকা উত্তোলনের জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে সরকারি হিসাব রক্ষণ অফিস কর্তৃক সরবরাহকৃত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য বিল ফরমে (টিআর ফরম নং ৩৩) প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন ও বৃত্তির গেজেট বিজ্ঞপ্তিসহ আবেদন ৩১ জুলাই, ২০১৯ তারিখের মধ্যে সরাসরি বোর্ডের হিসাব শাখায় জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে ব্যর্থ হলে বৃত্তি প্রদানে কোনরূপ জটিলতা সৃষ্টির ক্ষেত্রে বোর্ড কর্তৃপক্ষ তার দায়-দায়িত্ব বহন করবে না।

(মোঃ মোস্তফা কামাল আহমদ)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।